গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
রাজবাড়ী সদর, রাজবাড়ী
acl.sadar.rajbari.gov.bd

নম্বর ০৫.৩০.৮২০০.০২০.৩৮.০০৪.২৩.

তারিখ : মাঘ ১৪৩০ / জানুয়ারি ২০২৪

## জলমহাল ইজারার বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ০২/১১/২০২৩ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ-১).৬৬২ নম্বর প্রজ্ঞাপন মূলে রাজবাড়ী জেলার রাজবাড়ী সদর উপজেলাধীন ২০ একরের নিম্নে জলমহালগুলো বাংলা ১৪৩১ সন হতে ১৪৩৩ সন পর্যন্ত সময়ের জন্য শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। জলমহাল ইজারার আবেদন ফরম আগামী ২৩/০১/২০২৪ তারিখ হতে আগামী ০৫/০২/২০২৪ তারিখ অফিস চলাকালীন পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় হতে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর বরাবর ৫০০/-(পাঁচশত) টাকার (অফেরতযোগ্য) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট যে কোনো তফসিলী ব্যাংকে জমা দিয়ে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।

### জলমহালের তালিকা:

| ক্রমিক নং | জলমহালের নাম | অনলাইনে ইজারার দরপত্র দাখিলের তারিখ | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত বার্ষিক সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|
| ১ | লক্ষিকোল জলমহাল রাজবাড়ী সদর, রাজবাড়ী। | ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত | ১২,১০০/- (বার হাজার একশত) টাকা |
| ২ | হাজরাখালী জলমহাল রাজবাড়ী সদর, রাজবাড়ী। | ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত | ১৫,৪০০/- (পনের হাজার চারশত) টাকা |
| ৩ | কৈজুরী জলমহাল রাজবাড়ী সদর, রাজবাড়ী। | ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত | ১১,০০০/- (এগার হাজার) টাকা |
| ৪ | জালদিয়া জলমহাল রাজবাড়ী সদর, রাজবাড়ী। | ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত | ৬৬,১০০/- (ছেষট্টি হাজার একশত) টাকা |
| ৫ | বানিয়ারী জলমহাল রাজবাড়ী সদর, রাজবাড়ী। | ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ পর্যন্ত | ২২,০০০/- (বাইশ হাজার) টাকা |

শর্তসমূহ:

(ক) অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে ভূমি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েব সাইটে পাওয়া যাবে;

(খ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী বদ্ধ জলমহাল ইজারা গ্রহণে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি উক্ত নীতিতে বর্ণিত প্রয়োজনীয় তথ্য ও দলিলাদিসহ নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ইজারার জন্য আবেদন দাখিল করতে পারবে;

(গ) অনলাইনে আবেদন দাখিলের পর আবেদনে বর্ণিত তথ্যাদির গোপনীয়তা প্রযুক্তিগতভাবে আবেদন দাখিলের শেষ সময়সীমা পর্যন্ত সংরক্ষণ করা হবে। তবে দাখিলকারী আবেদন দাখিলের পর আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপি সংগ্রহ করতে পারবে;

(ঘ) অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টিং কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধখামে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর এর নিকট দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপরিভাগে 'জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন' কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে;

(ঙ) অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টিং কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে;

চলমান পাতা-২

(চ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজ্ঞপ্তিসহ যে কোন আবেদন/দরপত্র গ্রহণ/বাতিল অথবা সমুদয় আবেদন/দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন;

(ছ) ভুল/অসম্পূর্ণ তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে। বিস্তারিত তথ্য জেলা প্রশাসনের ওয়েব সাইট (www.sadarrajbari.gov.bd) অথবা অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে জানা যাবে। উল্লেখ্য, সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলোকে যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার প্রদান করা হবে।

(ঞ) উল্লিখিত জলমহালগুলোতে শুষ্ক মৌসুমে পানি থাকেনা তৎপ্রেক্ষিতে দরপত্র গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

শোভন রাংসা
উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজবাড়ী।

স্মারক নং ০৫.৩০.৮২০০.০২০.৩৮.০০৪.২৩. ১০৬(১০)

তারিখ ০১ মাঘ ১৪৩০ / ১৫ জানুয়ারি ২০২৪

বিতরণ : সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। উপজেলা নির্বাহী অফিসার ও আহবায়ক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০২। উপজেলা সমবায় কর্মকর্তা, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৩। উপজেলা মৎস্য কর্মকর্তা , সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৫। উপজেলা কৃষি কর্মকর্তা, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৭। অফিসার ইনচার্জ, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, রাজবাড়ী সদর, রাজবাড়ী।
০৯। চেয়ারম্যান ............................ ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী
১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ............................ইউনিয়ন ভূমি অফিস, রাজবাড়ী সদর, রাজবাড়ী। (ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

হুমায়রা সুলতানা
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
রাজবাড়ী।